# নন্দীগ্রামে মিলন একাদশ সংস্থার বস্ত্র বিতরণ




**দিন দর্পণ, হলদিয়া:** শারদ উৎসবের প্রাক্কালে নন্দীগ্রামের স্বেচ্ছাসেবী সংস্থা মিলন একাদশ প্রতি বছরের ন্যায় এ বছরও ২০০ জন দরিদ্র মহিলাদের হাতে খাদ্য সামগ্রী ও শাড়ি তুলে দিল। ২৪ সেপ্টেম্বর বুধবার সকালে মহম্মদ গ্রামে মিলন একাদশ স্কুলে এক অনুষ্ঠানের মাধ্যমে খাদ্য সামগ্রী ও বস্ত্র তুলে দেওয়া হয়। আর্থিক সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে প্রবাসী সংস্থা আইএমআরসি। প্রায় একুশ কেজি ওজনের বেশি প্রতিটি খাদ্য সামগ্রী প্যাকেটের মধ্যে রয়েছে প্যাকেটে চাল, ডাল, সরিষা, তেল, আলু, পেঁয়াজ, ইত্যাদি সহ মোট বারো ধরনের খাদ্য সামগ্রী। এদিনের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মিলন একাদশ এর কার্যকারী সভাপতি আলহাজ্ব দিদার আমি খান, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নন্দীগ্রাম ১ ব্লক উন্নয়ন আধিকারিক সৌমেন বনিক। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন মিলন একাদশের সহ সভাপতি ও শিক্ষক সেখ ইয়াসিন মহম্মদ। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহ কোষাধ্যক্ষ সেখ গোলাম মোস্তফা, ফাউন্ডার মেম্বার সেখ আশরাফুল আলম, সদস্য শেখ মহম্মদ হোসেন, কামালুজ্জামান আলি শা, সেখ মতাহার প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন নন্দীগ্রাম পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা সেখ আহম্মদুল্লা, স্থানীয় পঞ্চায়েত সদস্য শাহনেওয়াজ আলি খান ও আল কালাম আবুল ওয়াহাব প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন মিলন একাডেমী স্কুলের প্রধান শিক্ষিকা পল্লবী কোরা সহ অন্যান্য শিক্ষিকা সঙ্গীতা হাজরা, লক্ষ্মী কর, কোনিকা মণ্ডল, সুম্মা নার্গিস, রুবাইয়্যা খাতুন, মৌমিনা খাতুন, রূপসানা খাতুন প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন মিলন একাদশ এর ভলেন্টিয়ার সেখ করিবুল, সেখ আক্তার রসুল, নইম আলী শাহ, সেখ হায়দার প্রমুখ। এছাড়া এদিন স্বেচ্ছায় রক্তদান করেন প্রায় অর্ধ শতাধিক পুরুষ ও মহিলা।